# এইচএসসি পরীক্ষা ২০১৭ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## বিষয় : ইসলামের ইতিহাস ও সংস্কৃতি ২য় পত্র (সৃজনশীল)

বিষয় কোড : | ২ | ৬ | ৮ |

সময়: ২ ঘন্টা ১০ মিনিট — পূর্ণমান: ৬০

দ্রষ্টব্যঃ দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ৯টি প্রশ্ন থেকে যে কোন ৬টি প্রশ্নের উত্তর দাও।

১. ▶ জনাব শাহেদ 'ক' অঞ্চলের ইতিহাস পাঠ করে জানতে পারেন যে, সম্রাট 'X' ও সম্রাট 'Y' এর মৃত্যুর পর সমগ্র সাম্রাজ্য ক্ষুদ্র ক্ষুদ্র রাজ্যে বিভক্ত হয়ে পড়ে। এসব রাজ্যের মধ্যে পারস্পরিক শত্রুতা বিরাজমান ছিল। এসব ক্ষুদ্র রাজ্য সমূহে কোন ঐক্য বিদ্যমান ছিল না এবং কোন কেন্দ্রীয় সরকারের অস্তিত্ব ছিল না। ফলে পাশাপাশি অবস্থিত রাজ্যসমূহ বহিঃশত্রুর আক্রমণের সময় সম্মিলিত কোন প্রতিরোধ গড়ে তোলার পরিবর্তে আক্রমণ উসকে দিয়েছিল।

ক. সুলতান মাহমুদ কতবার ভারত অভিযান করেন? ১

খ. মুসলিম বিজয়ের প্রাক্কালে কিভাবে উত্তর ভারতের রাজনৈতিক ঐক্য বিনষ্ট হয়? ২

গ. উদ্দীপকের শাহেদ সাহেবের পঠিত ইতিহাসের সহিত তোমার পাঠ্য বইয়ে বর্ণিত কোন সময়ের সামঞ্জস্য লক্ষ্য করা যায়? এতে সফলতার কারণ ব্যাখ্যা কর। ৩

ঘ. বহিঃশত্রুর আক্রমণ প্রতিরোধে কী কী ব্যবস্থা সফল হতে পারত বলে তুমি মনে কর। উত্তরের সপক্ষে যুক্তি প্রদর্শন কর। ৪

২. ▶ ১৮৪৫ খ্রিস্টাব্দে স্বাধীন হওয়া ভেনিজুয়েলা দক্ষিণ আমেরিকার আর দশটি সাধারণ দেশের মতোই ছিল। ১৯৯৮ খ্রিস্টাব্দের পর বিশ্বের মানচিত্রে দেশটি শুধু অর্থনৈতিকভাবেই নয়, সাম্রাজ্যবাদ ও ফ্যাসিবাদের বিরুদ্ধে এক বিপ্লবী চেনতাকে প্রতিষ্ঠিত করতে সক্ষম হয়েছে। তার ধারক ও বাহক ছিলেন হুগো চ্যাভেজ। দ্বাদশ শতাব্দীর শেষের দিকে 'ক' অঞ্চলে অনুরূপ একজন শাসক ছিলেন যিনি সর্বপ্রথম স্থায়ী সাম্রাজ্য প্রতিষ্ঠার গৌরব অর্জন করেন। তার পূর্বে অনেকেই 'ক' অঞ্চলে অভিযান পরিচালনা করে যুদ্ধে জয়লাভ করলেও তাঁরা সাম্রাজ্যের স্থায়ী নেতৃত্ব দিতে পারেন নি।

ক. আরবগণ শূন্যের ব্যবহার কার নিকট থেকে শেখে? ১

খ. সিন্ধুতে আরব শাসন স্থায়ী হয়নি কেন? ২

গ. উদ্দীপকে বর্ণিত 'ক' অঞ্চলের সাথে সাদৃশ্যপূর্ণ তোমার পাঠ্য বইয়ের যে চরিত্রের মিল রয়েছে তার উল্লেখপূর্বক দেখাও যে, তিনি কিভাবে 'ক' অঞ্চলের মত রাজ্য প্রতিষ্ঠা করেছেন? ৩

ঘ. উদ্দীপকের চরিত্রের সাথে 'ক' অঞ্চলের বিজয়ী শাসকের চরিত্রের সাদৃশ্য ও বৈসাদৃশ্যসমূহ লেখ। ৪

৩. ▶ মিশরের মামলুক বংশের প্রতিষ্ঠাতা সাজার-উদ-দার ছিলেন সর্বপ্রথম মুসলিম এবং ক্লিওপেট্রা ও জেনোবিয়ার পর তৃতীয় মহিলা যিনি মিশরের সিংহাসনে অধিষ্ঠিত হন। মামলুক আমীর উলেমা শ্রেণী ও সাধারণ নাগরিকদের সমর্থন আদায় করে তিনি, প্রচলিত ইসলামী অনুশাসন মেনে শাসনকার্য পরিচালনা করেন। নিজ নামে মুদ্রার প্রচলন করেন এবং তাঁর নামে খুৎবাও পাঠ করা হয়। এমনকি ফরাসী সম্রাট নবম লুই এর নেতৃত্বে খ্রিস্টান ধর্ম যোদ্ধারা মিশরে আক্রমণ করলে তিনি দৃঢ় মনোবল ও বুদ্ধিমত্তার সাথে অবস্থার মোকাবেলা করেন। সাম্রাজ্য পরিচালনার জন্য প্রয়োজনীয় গুণাবলী ও যোগ্যতা থাকা সত্ত্বেও নারী হওয়ার কারণে তিনি আব্বাসীয় খলিফার স্বীকৃতি লাভে ব্যর্থ হয়ে পরবর্তীতে ক্ষমতাচ্যুত হন।

ক. 'কিতবা উল হিন্দ' গ্রন্থের রচয়িতা কে ছিলেন? ১

http://teachingbd.com

খ. তথাকথিত 'দাস বংশ' বলতে কী বুঝায়? ২

গ. উদ্দীপকে বর্ণিত সাজার-উদ-দারের সাথে তোমার পাঠ্য বইয়ের যে নারী শাসকের মিল রয়েছে তা উল্লেখপূর্বক উভয়ের শাসন ব্যবস্থার সাদৃশ্য ও বৈসাদৃশ্যগুলো চিহ্নিত কর। ৩

ঘ. 'নারীত্বই ছিল তাঁর যোগ্যতার প্রধান অন্তরায়' তোমার পাঠ্য বইয়ের নারী শাসকের বিবেচনায় উক্তিটির যথার্থতা বিচার কর। ৪

৪. ▶ সঞ্জীব ও আবীর দুই বন্ধু চট্টগ্রাম শহরের চকবাজারে বাজার করতে যায়। বাজারে প্রবেশের পথেই তারা সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের মূল্য সম্বলিত একটি তালিকাবোর্ড দেখতে পেল। কিন্তু বিক্রেতারা নির্ধারিত দামের অতিরিক্ত মূল্যে দব্য বিক্রি করছে। তারা খোঁ নিয়ে জানতে পারল সরকার সার ও বীজ ইত্যাদি বিনামূল্যে সরবরাহ করায় খাদ্যশস্যের বাম্পার ফলন হয়েছে। কিন্তু কিছু অসাধু ব্যবসায়ী অধিক মুনাফার লোভে খাদ্যদ্রব্যের কৃত্রিম সংকট সৃষ্টি করে বাজারে নিত্য প্রয়োজনীয় দ্রব্যের দাম বাড়িয়ে দিয়েছে।

ক. তুঘলক বংশের প্রতিষ্ঠাতা কে? ১

খ. 'চল্লিশ চক্র' বলতে কী বুঝায়? ২

গ. উদ্দীপকে বর্ণিত ব্যবস্থার সাথে তোমার পাঠ্য বইয়ের যে শাসকের বাজার নিয়ন্ত্রণের মিল রয়েছে তা সংক্ষেপে বর্ণনা কর। ৩

ঘ. 'বাজার ও দ্রব্যমূল্য নিয়ন্ত্রণে ভারতীয় উপমহাদেশের বর্তমান সরকার সমূহ এমনকি বৃটিশ সরকার পর্যন্ত তাঁর নিকট বিশেষভাবে ঋণী। তুমি কী এতে একমত? ৪

৫. ▶ শাহেদ ফয়সাল 'ক' অঞ্চলের রাষ্ট্রপতির দায়িত্ব গ্রহণের পর অগ্রাধিকার ভিত্তিতে কিছু পদক্ষেপ গ্রহণ করেন। তিনি রাষ্ট্রের বিধবা, এতিম ও বয়স্কদের জন্য বিশেষ ভাতার ব্যবস্থা করেন। তিনি বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষার ব্যবস্থা করেন। বিভিন্ন স্থানে পানি শোধনাগার নির্মাণ করে তিনি সুপেয় পানির ব্যবস্থা করেন। ইউনিয়ন পর্যায়ে দাতব্য চিকিৎসালয় স্থাপন করে জনগণের স্বাস্থ্য সেবা নিশ্চিত করেন।

ক. মালিক কাফুরের পরিচয় দাও। ১

খ. মুহাম্মদ বিন তুঘলকের 'প্রতীক তাম্র মুদ্রা' বলতে কী বুঝায়? ২

গ. উদ্দীপকের বর্ণিত শাসকের সাথে তোমার পাঠ্য বইয়ের যে মিল রয়েছে তার কার্যক্রমের উল্লেখপূর্বক দেখাও যে, জনহিতকর কার্যক্রমই তাঁকে রাজ্য শাসনে সফলতা এনে দিয়েছিল। ৩

ঘ. উদ্দীপকের যাককের কর্মকাণ্ডের সাথে তোমার পাঠ্য বইয়ের শাসকের কর্মকাণ্ডের সাদৃশ্য ও বৈসাদৃশ্য সমূহ ব্যাখ্যা কর। ৪

৬. ▶ চট্টগ্রাম কলেজের ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগ একটি বিতর্ক প্রতিযোগিতার আয়োজন করে। বিতর্কের বিষয় ছিল "যোগ্যতা. দক্ষতা, সততা, আন্তরিকতা ও সর্বোপরি সদিচ্ছা উন্নয়নের পূর্বশর্ত" বিষয়টির পক্ষের দল যুক্তি উপস্থাপনের শুরুতেইড ইতিহাসের এমন একজন ব্যক্তির কথা উল্লেখ করে যিনি স্বীয় মেধা, দক্ষতা ও যোগ্যতা বলে শত্রুপক্ষকে পরাজিত করে একটি সাম্রাজ্যের অধিপতি হন এবং মাত্র পাঁচ বৎসরের শাসনকালে অর্থনৈতিক সমৃদ্ধি অর্জনের লক্ষ্যে জমি জরিপ, জমিতে কৃষের অধিকার, রাজস্ব নির্ধারণ, যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন, শিক্ষার উন্নয়ন, ডাক ব্যবস্থার প্রচলন, পুলিশ ব্যবস্থার আধুনিকায়ন, শুল্ক ও মুদ্রানীতির ব্যাপক সংস্কার সাধন করে সবকিছুই যুযোপযোগী এবং অত্যন্ত জনকল্যাণমূলক কাজের শুভ সূচনা করেন।

http://teachingbd.com

ক. 'বাবুর নামা' কী? ১
খ. 'কবুলিয়ত' ও 'পাট্টা' বলতে কী বুঝায়? ২
গ. অনুচ্ছেদে উল্লিখিত বিষয়ের পক্ষের বিতার্কিক দলের বর্ণনার সাথে তোমার পাঠ্য বইয়ের যে শাসকের মিল রয়েছে তার সংস্কারগুলো বর্ণনা করে দেখাও যে, স্বল্পকালীন শাসনের ফলাফল ছিল সুদূরপ্রসারী। ৩
ঘ. কোন শাসন ব্যবস্থা, এমন কি বৃটিশ শাসন ব্যবস্থা ও উদ্দীপকের সাথে সামঞ্জস্যপূর্ণ তোমার পাঠ্য বইয়ের শাসকের শাসনের কাছে ঋণী ব্যাখ্যা কর। ৪

৭. ▶ নব্বই এর দশকে বাংলাদেশ টেলিভিশনে ঐতিহাসিক ঘটনা অবলম্বনে রচিত একটি ধারাবাহিক নাটক প্রচারা করা হত। রাজ্য বিস্তৃতিতে সফল সামরিক অভিযানের নিমিত্তে নাটকের প্রধান চরিত্র আধুনিক পদ্ধতিতে সৈন্যবাহিনীকে পুনর্গঠন করে প্রত্যেক বিভাগের প্রধানগণের একটি মর্যাদাপূর্ণ পদবী নির্ধারণ করেন। পরবর্তীতে তিনি সামরিক ও বেসাকরিক উভয় শ্রেণীর জন্য এই মর্যাদাপূর্ণ পদবীসহ সামন্ত ব্যবস্থা অন উক্ত করে রাজ্যশাসনের অভাবনীয় কৃতিত্ব প্রদর্শন করেন।
ক. আবুল ফজল রচিত গ্রন্থের নাম কী? ১
খ. দ্বিন-ই-ইলাহী বলতে কী বুঝায়? ২
গ. উপরোল্লিখিত অনুচ্ছেদে কেন্দ্রীয় চরিত্রের কার্যাবলীর সাথে তোমার পাঠ্য বইয়ের যে শাসকের কর্মকাণ্ডের মিল রয়েছে তার উল্লেখপূর্বক দেখাও যে, তিনি সামন্ত ব্যবস্থার মাধ্যমে রাজ্যের জয় ও নিরাপত্তা বিধান করেন। ৩
ঘ. কার্যানুসারে পদবী প্রদান ব্যক্তি ও সমাজকে শক্তিশালী হতে সহায়তা করে, যা তাঁকে সর্বভারতীয় হতে সাহায্য করেছিল। তোমার মতামতের সপক্ষে যুক্তি দেখাও। ৪

৮. ▶ ইতিহাস বিষয়ে একটি সেমিনারের প্রধান আলোচক তার আলোচনায় একটি হৃদয়স্পর্শী বক্তব্য উপস্থাপন করেন। তিনি উল্লেখ করেন যে, ইশতিয়াক 'ক' অঞ্চলের শেষ স্বাধীন অধিপতি ছিলেন। তিনি অভ্যন্তরীণ ও প্রাসাদ ষড়যন্ত্রের শিকার হয়ে পরাজিত ও নিহত হন। ফলে প্রায় পঞ্চাশ বছর ধরে অনেকটাই স্বাধীনভাবে পরিচালিত হওয়া 'ক' অঞ্চল পরাধীন জাতি ও ভূখণ্ডে পরিণত হয়।
ক. বাঙ্গালা নাম রাখে কে? ১
খ. 'বার ভূঁইয়া' বলতে কী বুঝ? ২
গ. উদ্দীপকের সাথে তোমার পাঠ্য বইয়ের যে ব্যক্তির মিল রয়েছে তার ব্যর্থতার কারণ ব্যাখ্যা করে দেখাও যে, দেশপ্রেমের সাথে সাথে কৌশলী হওয়া জরুরী। ৩
ঘ. অধিকার নিশ্চিতকরণে ঐক্যমত্যই একমাত্র উপায়। বিশ্লেষণ কর। ৪

৯. ▶ অনেক পুরাতন পত্রিকায় কয়েকটি বীভৎস লাশের ছবি দেখে শিহাব আঁতকে উঠে। বিস্তারিত লেখা পড়ে সে জানতে পারল, এটি একটি দেশের শত্রুবাহিনী কর্তৃক দেশের স্বনামধন্য ও মেধাবী শ্রেণির মানুষকে হত্যা করা হয়েছে, সেই হত্যার চিত্র। পরবর্তীকালে এই ঘটনা পত্রিকায় প্রকাশিত হয়।
ক. ২৫ মার্চের গণহত্যার নাম কী দেয়া হয়? ১
খ. বঙ্গবন্ধুর ঐতিহাসিক ৭ মার্চের ভাষণ কিভাবে বাংলার জনগণকে উজ্জীবিত করে? ২
গ. উদ্দীপকের সাথে তোমার পাঠ্য বইয়ের কোন সময়ের সাদৃশ্য এবং কিভাবে রয়েছে? ৩
ঘ. স্বাধীনতাহীনতায় কে বাঁচিতে চায়? ১৯৭১ এর প্রেক্ষিতে বিশ্লেষণ কর। ৪

http://teachingbd.com

বিষয় ঃ ইসলামের ইতিহাস ও সংস্কৃতি-২য়পত্র (বহুনির্বাচনি)

বিষয় কোড : ২৬৮

সময় : ৪০ মিনিট

পূর্ণমান: ৪০

বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনী অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১।

১. ভারতবর্ষকে 'বিভিন্ন জাতির জাদুঘর' বলেছেন কে?
ⓚ ডব্লিউ হেগ ⓛ স্মিথ
ⓜ ঈশ্বরী প্রসাদ ⓝ মন্টেকু

২. করদ রাজ্য বলতে কী বোঝায়?
ⓚ বিজিত রাজ্য ⓛ পরাজিত রাজ্য
ⓜ করদাতা রাজ্য ⓝ করগ্রহীতা রাজ্য

৩. সুলতান মাহমুদের সভাকবি কে ছিলেন?
ⓚ আল বিরুণী ⓛ রুমী
ⓜ শেখ সাদী ⓝ ফেরদৌসী

নিচের উদ্দীপকটি পড়ে ৪ ও ৫ নং প্রশ্নের উত্তর দাও:

ইব্রাহীম তার পার্শ্ববর্তী অঞ্চলে হামলা করে প্রচুর অর্থ সম্পদ আহরণ করেন। এই অর্থ দিয়ে তার এলাকায় প্রাসাদোপম অট্টালিকাসহ নানা উন্নয়ন সাধন করেন।

৪. উদ্দীপকে ইব্রাহিমের কর্মকান্ড কোন সুলতানের কর্মকাণ্ডের অনুরূপ?
ⓚ মুহাম্মদ ঘুরী
ⓛ সুলতান মাহমুদ
ⓜ কুতুবউদ্দিন আইবেক
ⓝ সুলতান ইলতুতমিশ

৫. উক্ত সুলতানের কর্মকাণ্ডে প্রকাশ পেয়েছে—
i. আর্থিক লালসা
ii. সৌন্দর্যবোধ
iii. শিল্পচেতনা
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓛ i ও iii
ⓜ ii ও iii ⓝ i, ii ও iii

৬. ফা-হিয়েন কোন দেশের পর্যটক ছিলেন?
ⓚ চীন ⓛ মরক্কো
ⓜ ইংল্যান্ড ⓝ রাশিয়া

৭. আরবদের জয়ের প্রাক্কালে ভারতবর্ষের রাজনৈতিক অবস্থা ছিল—
i. ঐক্যবদ্ধ ও সুসংগঠিত
ii. ঐক্যহীন ও দুর্বল
iii. নেতৃত্বহীন
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓛ ii ও iii
ⓜ i ও iii ⓝ i, ii ও iii

৮. সড়ক-ই-আজম বা গ্র্যান্ড ট্রাংক রোড নির্মাণ করেন কে?
ⓚ বাবর ⓛ হুমায়ুন
ⓜ আকবর ⓝ শেরশাহ

৯. লোদী বংশের সর্বশেষ শাসক কে?
ⓚ ইব্রাহীম লোদী ⓛ বাহরাম লোদী
ⓜ বাহলুল লোদী ⓝ বাহারাম লোদী

১০. খলজী বংশের প্রতিষ্ঠাতা কে?
ⓚ ফিরোজ শাহ ⓛ বখতিয়ার খলজী
ⓜ আলাউদ্দিন খলজী ⓝ জালাল উদ্দিন খলজী

১১. দিল্লি থেকে দেবগিরির দূরত্ব কত মাইল ছিল?
ⓚ ৫০০ ⓛ ৬০০
ⓜ ৭০০ ⓝ ৮০০

১২. আড়াই-দিনকা-ঝোপড়া মসজিদ কে নির্মাণ করেন?
ⓚ কুতুবউদ্দিন আইবেক ⓛ ইলতুতমিশ
ⓜ আরাম শাহ ⓝ বাহরাম শাহ

১৩. মুহাম্মদ বিন তুঘলকের মহাপরিকল্পনার অন্তর্ভুক্ত ছিল—
i. রাজধানী স্থানান্তর
ii. খোরাসান অভিযান
iii. প্রতীকী মুদ্রার প্রচলন
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓛ ii ও iii
ⓜ i ও iii ⓝ i, ii ও iii

১৪. সেন বংশের শেষ রাজার নাম কী?
ⓚ বল্লাল সেন ⓛ হেমন্ত সেন
ⓜ লক্ষণ সেন ⓝ বিজয় সেন

১৫. পানিপথের প্রথম যুদ্ধ কত সালে সংঘটিত হয়?
ⓚ ১৫২৬ ⓛ ১৫২৯
ⓜ ১৫৫৬ ⓝ ১৭৬১

১৬. দীন-ই-ইলাহী প্রতিষ্ঠা করেন কোন সম্রাট?
ⓚ হুমায়ুন ⓛ আকবর
ⓜ শাহজাহান ⓝ জাহাঙ্গীর

১৭. সতীদাহ প্রথা বিলোপ করেন—
ⓚ সম্রাট বাবর ⓛ সম্রাট হুমায়ুন
ⓜ সম্রাট আকবর ⓝ সম্রাট জাহাঙ্গীর

১৮. ভারতবর্ষে সর্বপ্রথম ঘোড়ার ডাকের প্রচলন করেন কে?
ⓚ শেরশাহ ⓛ আকবর
ⓜ জাহাঙ্গীর ⓝ আওরঙ্গজেব

১৯. পানিপথের ২য় যুদ্ধের ফলাফল হচ্ছে—
i. হিমুর পরাজয়
ii. মুঘল শাসন সুদৃঢ়করণ
iii. লোদী শাসনের পতন
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓛ i ও iii
ⓜ ii ও iii ⓝ i, ii ও iii

http://teachingbd.com

২০. মনসবদারি প্রথার সুবিধা হচ্ছে—
i. যুদ্ধে নির্দিষ্ট সৈন্য সরবরাহকরণ
ii. সহজে বিদ্রোহ দমন
iii. কম বেতন প্রদান
নিচের কোনটি সঠিক?
ক i ও ii
খ i ও iii
গ ii ও iii
ঘ i, ii ও iii

২১. কার রাজত্বকালে মুঘল চিত্রকলার উন্মেষ ঘটে?
ক সম্রাট হুমায়ুন
খ সম্রাট আকবর
গ সম্রাট জাহাঙ্গীর
ঘ আওরঙ্গজেব

২২. স্বত্ববিলোপ নীতির প্রবর্তক কে?
ক লর্ড ডেভিড
খ লড ডালহৌসী
গ লর্ড মিন্টো
ঘ লর্ড কার্জন

২৩. কত খ্রিস্টাব্দে মুসলিম লীগ প্রতিষ্ঠিত হয়?
ক ১৯০২
খ ১৯০৪
গ ১৯০৬
ঘ ১৯০৮

২৪. বঙ্গভঙ্গ কার্যকর হয় কত খ্রিস্টাব্দে?
ক ১৯০৫
খ ১৯০৬
গ ১৯০৮
ঘ ১৯১১

২৫. কত সালে দিল্লি ভারতের রাজধানীর মর্যাদা পায়?
ক ১৯০৮
খ ১৯০৯
গ ১৯২১
ঘ ১৯১২

২৬. ফরায়েজী আন্দোলনের সূচনা করেন—
ক দুদু মিয়া
খ শরীয়ত উল্লাহ
গ তিতুমীর
ঘ ফজল মিয়া

২৭. সিপাহি বিপ্লব শুরু হয় কবে?
ক ১৮৫৭ খ্রি.
খ ১৮৫৮ খ্রি.
গ ১৯৫৯ খ্রি.
ঘ ১৯৬০ খ্রি.

২৮. 'লাখ-বক্স' কার উপাধি?
ক ইলতুৎমিশ
খ আরাম শাহ
গ আইবেক
ঘ সুলতানা রাজিয়া

২৯. 'মাতামহী সুলভ' ব্যবস্থার প্রবর্তক ছিলেন কে?
ক সুলতান গিয়াস উদ্দিন খলজী
খ সুলতান আলাউদ্দিন খলজী
গ সুলতান মুহাম্মদ বিন তুঘলক
ঘ সুলতান ফিরোজ শাহ তুঘলক

৩০. তমুদ্দুন মজলিশ কোন ধরনের সংগঠন?
ক. সাংস্কৃতিক
খ রাজনৈতিক
গ ধর্মীয়
ঘ অর্থনৈতিক

৩১. ভাষা আন্দোলনের ফলে গড়ে ওঠে—
ক বাঙালি জাতীয়তাবাদী চেতনা
খ পাকিস্তানি জাতীয়তাবাদী চেতনা
গ মুসলিম জাতীয়তাবাদী চেতনা
ঘ উর্দু জাতীয়তাবাদী চেতনা

৩২. "২৩ বছরের ইতিহাস আমাদের বঞ্চনার ইতিহাস" উক্তিটি কার?
ক হামিদ খান ভাসানী
খ শেখ মুজিবুর রহমান
গ হোসেন শহীদ সোহরাওয়ার্দী
ঘ একে ফজলুল হক

৩৩. ছয় দফা ঘোষণা করা হয়—
ক লাহোরে
খ করাচিতে
গ ঢাকায়
ঘ চট্টগ্রামে

৩৪. আগরতলা ষড়যন্ত্র মামলার আসামি ছিলেন—
ক ৩২ জন
খ ৩৩ জন
গ ৩৪ জন
ঘ ৩৫ জন

৩৫. শহীদ বুদ্ধিজীবী দিবস পালিত হয়—
ক ১৩ ডিসেম্বর
খ ১৪ ডিসেম্বর
গ ১৫ ডিসেম্বর
ঘ ১৬ ডিসেম্বর

৩৬. ১৯৭০ এর নির্বাচনে আওয়ামী লীগ জাতীয় পরিষদে কতটি আসন পায়?
ক ১৬০টি
খ ১৬৫ টি
গ ১৬৭ টি
ঘ ১৬৯টি

৩৭. মুজিবনগর সরকার শপথ নেয়—
ক ১৭ এপ্রিল
খ ১৮ এপ্রিল
গ ১৯ এপ্রিল
ঘ ২০ এপ্রিল

৩৮. মহান মুক্তিযুদ্ধে ভারত বাংলাদেশকে স্বীকৃতি দেয়—
ক ৩ ডিসেম্বর
খ ৪ ডিসেম্বর
গ ৫ ডিসেম্বর
ঘ ৬ ডিসেম্বর

৩৯. বাংলাদেশের জাতীয় পতাকা সর্বপ্রথম উত্তোলন করা হয় কত তারিখে?
ক ২ মার্চ '৭১
খ ৩ মার্চ '৭১
গ ৪ মার্চ '৭১
ঘ ৫ মার্চ '৭২

৪০. ১৬ ডিসেম্বর '৭১ পাক বাহিনীর আত্মসমর্পণ অনুষ্ঠানে যৌথবাহিনীর প্রধান কে ছিলেন?
ক আরাক সিং
খ হরিজন সিং
গ জগজিৎ সিং অরোরা
ঘ কাজান সিং

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | খ | ২ | গ | ৩ | ঘ | ৪ | খ | ৫ | গ | ৬ | ক | ৭ | খ | ৮ | ঘ | ৯ | ক | ১০ | ঘ | ১১ | গ | ১২ | ক | ১৩ | ঘ | ১৪ | গ | ১৫ | ক | ১৬ | খ | ১৭ | গ | ১৮ | ক | ১৯ | ক | ২০ | ঘ |
| ২১ | গ | ২২ | খ | ২৩ | গ | ২৪ | ক | ২৫ | ঘ | ২৬ | খ | ২৭ | ক | ২৮ | গ | ২৯ | ঘ | ৩০ | ক | ৩১ | ক | ৩২ | খ | ৩৩ | ক | ৩৪ | ঘ | ৩৫ | খ | ৩৬ | গ | ৩৭ | ক | ৩৮ | গ | ৩৯ | ক | ৪০ | গ |

Teachingbd.com